



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ

কৃষি ঋণ বিভাগ

এসিডি সার্কুলার নং- ০৫

১৮ শ্রাবণ, ১৪২২

তারিখঃ

০২ আগষ্ট, ২০১৫

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক।

প্রিয় মহোদয়,

বাংলাদেশ-ভারত স্থলসীমান্ত চুক্তি অনুসারে বাংলাদেশে অন্তর্ভুক্ত হওয়া ১১১টি ছিটমহল
বাসিন্দাদের অনুকূলে কৃষি ঋণ বিতরণ প্রসংগে।

সম্প্রতি বাংলাদেশ-ভারত স্থলসীমান্ত চুক্তিটি বাস্তবায়িত হওয়ায় নতুন করে বাংলাদেশে অন্তর্ভুক্ত হওয়া ১১১টি ছিটমহল বর্তমানে বাংলাদেশ ভূখন্ডের অবিচ্ছেদ্য অংশ। এ অঞ্চলের মানুষের সার্বিক অর্থনৈতিক উন্নয়ন, ভূমির সঠিক ব্যবহার নিশ্চিতকরণ, দেশের অন্যান্য স্থানের ন্যায় তাদের অধিকার সুনিশ্চিত করা এবং সর্বোপরি উক্ত অঞ্চলে কৃষি কার্যক্রম সম্প্রসারণের লক্ষ্যে তাদের মাঝে কৃষি ঋণ বিতরণ করার সিদ্ধান্ত গৃহিত হয়েছে। এ লক্ষ্যে, বিগত ২৭/০৭/২০১৫ তারিখে অত্র বিভাগ কর্তৃক জারীকৃত সার্কুলার নং-৪ এর সাথে সংযুক্ত কৃষি ও পল্লী ঋণ নীতিমালা ও কর্মসূচি অনুযায়ী নতুন করে বাংলাদেশে অন্তর্ভুক্ত হওয়া অঞ্চলের বাসিন্দাদের অনুকূলে কৃষি ঋণ বিতরণ করার জন্য আপনাদেরকে নির্দেশনা প্রদান করা যাচ্ছে।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(প্রভাষ চন্দ্র মল্লিক)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০১৩৮